

ডিজিটাইজেশন অব বিবিএস পাবলিকেশনস অ্যান্ড অনলাইন সেকেন্ডারি ডাটা কালেকশন প্রকল্প

প্রকল্পের পটভূমিঃ


স্বাধীনতার পর হতে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) কর্তৃক বহু শুমারি ও জরিপ অনুষ্ঠিত হয়ে আসছে। যথাযথ প্রযুক্তির অভাবে এ সমস্ত শুমারি জরিপের তথ্য যথাযথভাবে সংরক্ষিত হয়নি। কিন্তু বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক প্রকাশিত প্রতিবেদনসমূহ শুধুমাত্র বিবিএস-এর গ্রন্থাগার/সংগ্রহশালায় পাওয়া যায়। এই সমস্ত প্রকাশনাসমূহ সংখ্যায় অতি স্বল্প এবং সর্বসাধারণের ব্যবহারের জন্য পাওয়া যায় না। এমনকি গবেষক ও শিক্ষাবিদগণ এ সমস্ত রিপোর্ট চাহিদা মোতাবেক পান না। কিন্তু দেশের সার্বিক উন্নয়নের স্বার্থে আর্থ-সামাজিক অবস্থার গতি ধারা নিরূপন এবং নীতি নির্ধারণের জন্য এ সমস্ত প্রকাশনা স্ক্যান বা ডিজিটাইজেশন করা প্রয়োজন। এছাড়া বিবিএস বাৎসরিক প্রকাশনা (পরিসংখ্যান পকেটবুক, পরিসংখ্যান বর্ষগ্রন্থ) প্রস্তুতের জন্য প্রায় ৬০ টি প্রতিষ্ঠান হতে তথ্য সংগ্রহ করে থাকে। এ সমস্ত তথ্য সংগ্রহের জন্য প্রচুর জনশক্তি ও সময়ের প্রয়োজন হয়। তাই আধুনিক প্রযুক্তি ব্যবহার করে দ্রুত এ সমস্ত তথ্য প্রাপ্তির জন্য অনলাইনে উপাত্ত সংগ্রহ করা প্রয়োজন যাতে জনশক্তির পরিমাণ ও সময় উল্লেখযোগ্য হারে হ্রাস করা যায়।

প্রকল্পের মূল উদ্দেশ্যঃ

- ❖ স্বাধীনতার পর হতে এ যাবৎ প্রকাশিত বিবিএস-এর প্রকাশনাসমূহ ডিজিটাইজেশন করা ;
- ❖ বিবিধ তথ্য অনুসন্ধানের জন্য একটি সার্চিং অপশন সংযোজন করা ;
- ❖ বিভিন্ন সংস্থা হতে অনলাইন পদ্ধতিতে উপাত্ত সংগ্রহ করে ব্যুরোর বাৎসরিক প্রকাশনাসমূহ (পরিসংখ্যান পকেটবুক, পরিসংখ্যান বর্ষগ্রন্থ) স্বয়ংক্রিয়ভাবে প্রস্তুত করা ;
- ❖ সাধারণ জনসাধারণের জন্য এবং বিশেষভাবে পরিকল্পনাবিদ ও নীতি নির্ধারকদের জন্য ব্যুরোর প্রকাশনাসমূহের সহজ লভ্যতা নিশ্চিতকরণ।

প্রকল্পের তথ্যাদিঃ

প্রকল্পের নাম :	ডিজিটাইজেশন অব বিবিএস পাবলিকেশনস অ্যান্ড অনলাইন সেকেন্ডারি ডাটা কালেকশন প্রকল্প
উদ্যোগী মন্ত্রণালয় ও বিভাগ :	পরিকল্পনা মন্ত্রণালয়, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
বাস্তবায়নকারী সংস্থা :	বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস)
প্রাক্কলিত ব্যয় :	
মোট :	৭৩৪.০০ লক্ষ টাকা
জিওবি :	৭৩৪.০০ লক্ষ টাকা
প্রকল্প সাহায্য :	নাই
মেয়াদ কাল :	এপ্রিল, ২০১৫ হতে ডিসেম্বর, ২০১৭ খ্রি.


৩০/০৭/২০১৭

মোঃ মোয়াজ্জেম হোসেন
প্রকল্প পরিচালক
ডিজিটাইজেশন অব বিবিএস পাবলিকেশনস অ্যান্ড
অনলাইন সেকেন্ডারি ডাটা কালেকশন প্রকল্প
বিবিএস, ঢাকা